

উপজেলা পরিক্রমা গোপালপুর

টাঙ্গাইল, ২২ ডিসেম্বর (সংবাদদাতা)।— টাঙ্গাইল জেলা শহর হতে ২১ মাইল উত্তরে গোপালপুর উপজেলা। এ উপজেলার উত্তরে সরিষাবাড়ী ও মধুপুর উপজেলা, দক্ষিণে ঘাটাইল-ও ভূয়াপুর উপজেলা, পূর্বে ঘাটাইল ও মধুপুর উপজেলা, পশ্চিমে সরিষাবাড়ী উপজেলা ও যমুনা নদী। এ উপজেলার আয়তন ৯০ বর্গ মাইল, মোট জনসংখ্যা ২ লাখ ৪ হাজার ৭৩ জন। এই উপজেলায় ১টি পৌরসভা ও ৮টি ইউনিয়ন পরিষদ আছে। গোপালপুর পৌরসভা, মুসুদী, হাদিরা, বাওয়াইল, নগদাশিমনা, ধোনাকান্দি, আলমনগর, মির্জাপুর ও হেমনগর।

উৎপন্ন দ্রব্য

এই উপজেলায় সর্বত্র ধান, পাট, কলাই ও সরিষা প্রচুর জন্মে।

যোগাযোগ

টাঙ্গাইল-ময়মনসিংহ রাস্তা হতে পাকুড়িয়ার মধ্য দিয়ে একটি রাস্তা গোপালপুর পর্যন্ত গেছে। মোটর-বাসযোগে জোমালপুর, টাঙ্গাইল, ঢাকা, ময়মনসিংহ ও সরিষাবাড়ী যাওয়া যায়।

শিক্ষা প্রতিষ্ঠান

এই উপজেলায় ২টি ডিগ্রী মহাবিদ্যালয়,

৫টি উচ্চ বালিকা বিদ্যালয়, ১৯টি উচ্চ বালক বিদ্যালয়, ৭টি জুনিয়র উচ্চ বালিকা বিদ্যালয়সহ ৪টি জুনিয়র উচ্চ বালক বিদ্যালয়, ৪টি মাদ্রাসা ও ৮১টি সরকারী প্রাথমিক বিদ্যালয় আছে।

চিকিৎসা

এখানে একটি স্বাস্থ্য কেন্দ্র ও ২৫ শয্যা বিশিষ্ট হাসপাতাল আছে। একটি পশু হাসপাতাল আছে। প্রয়োজনের তুলনায় চিকিৎসা সুবিধা নেই। প্রতি দিন ২০০/৩০০ লোক চিকিৎসার জন্য হাসপাতালে আসে।

হাট-বাজার

এই উপজেলায় হাট-বাজারের সংখ্যা ৩৭টি। এগুলোর স্থান সংকট ও প্রয়োজনীয় সংস্কারের অভাবে জনগণকে দুর্ভোগ পোহাতে হচ্ছে।

টেলিফোন

এখানে একটি টেলিফোন একচেঞ্জ আছে। জেলা সদরসহ দেশের বিভিন্ন স্থানে টেলিফোন যোগাযোগ ব্যবস্থা রয়েছে।

বিদ্যুৎ

উপজেলা সদরে বিদ্যুৎ ব্যবস্থা আছে তবে উপজেলার অনেক অঞ্চলে বিদ্যুৎ ব্যবস্থা নেই।